

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৩০

কৈলাসহর, ১৯ সেপ্টেম্বর, ২০২৩

উনকোটি জেলাভিত্তিক কিশোরী উৎকর্ষ মঞ্চ

কিশোরীদের সার্বিক বিকাশে অভিভাবকদের গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হবে : সমাজকল্যাণমন্ত্রী

কৈলাসহরের উনকোটি কলাক্ষেত্রে সম্প্রতি দু'দিন ব্যাপী জেলাভিত্তিক কিশোরী উৎকর্ষ মঞ্চের সমাপ্তি হয়েছে। এই অনুষ্ঠানে বোটি বাচাঁও বোটি পড়াও অভিযানে উনকোটি জেলার কৃতি ছাত্রীদের সংবর্ধনা দেওয়া হয়। এই অনুষ্ঠানের উদ্বোধন করে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেন, শিক্ষা, খেলাধুলা, সাংস্কৃতিকচর্চা ইত্যাদির পাশাপাশি বিভিন্ন ক্ষেত্রে কিশোরীদের দক্ষ করে তুলতে এ ধরনের অনুষ্ঠানের প্রয়োজনীয়তা রয়েছে। একটা সুন্দর সমাজ গঠন করতে ছেলে এবং মেয়ে উভয়ের সমান ভূমিকা রয়েছে। তিনি আরও বলেন, কিশোরীদের সার্বিক বিকাশে অভিভাবকদের গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হবে। এছাড়া বক্তব্য রাখেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমেন্দু দাস। উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সহকারি সভাপতি শ্যামল দাস, উনকোটি জেলার অতিরিক্ত জেলাশাসক সজল বিশ্বাস, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা। সভাপতিত্ব করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়। স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার।

অনুষ্ঠানে উনকোটি জেলার মাধ্যমিকে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১০ জন ছাত্রী ও উচ্চ মাধ্যমিকে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১০ জন ছাত্রীকে পুরস্কৃত করা হয়। এছাড়া জেলার মাধ্যমিকে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১ জন ছাত্রী ও উচ্চমাধ্যমিকে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ১ জন ছাত্রীকে ৫ হাজার টাকা করে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে পঞ্চম শ্রেণী পরীক্ষায় ১০০ শতাংশ ছাত্রী পাশ করে ষষ্ঠ শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার জন্য কালীপুর জেবি স্কুল, অষ্টম শ্রেণীর পরীক্ষায় ১০০ শতাংশ ছাত্রী পাশ করে নবম শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার জন্য উগলছড়া এস বি স্কুলকে এবং দশম শ্রেণীর পরীক্ষায় ১০০ শতাংশ ছাত্রী পাশ করে একাদশ শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার জন্য গোলধারপুর, আর এস এইচ এস স্কুলের প্রত্যেক প্রধান শিক্ষককে অভিজ্ঞানপত্র সহ ১০ হাজার টাকার চেক তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে বিভিন্ন স্কুলের ছাত্রীরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে।

গত ১৭ সেপ্টেম্বর সমাপ্তি অনুষ্ঠানে কৈলাসহরের জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট সুস্মিতা দাস ও উনকোটি জেলা হাসপাতালের চিকিৎসক ডাঃ পাপিয়া সিনহা বক্তব্য রাখেন। উপস্থিত ছিলেন জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার। জেলা ভিত্তিক কিশোরী উৎকর্ষ মঞ্চ সমাপ্তি অনুষ্ঠানে জেলার ২টি মহকুমার বিভিন্ন বিদ্যালয় থেকে ৫০ জন কিশোরী অংশগ্রহণ করে। অনুষ্ঠানে অংশগ্রহণকারী কিশোরীরা তাদের অভিজ্ঞতার কথা তুল ধরে। অনুষ্ঠান শেষে অতিথিগণ তাদের হাতে অভিজ্ঞানপত্র ও স্মারক উপহার তুলে দেন।
